

# Why does my baby need a diagnostic assessment?



## কেন আমার শিশুর একটি পুংখানুপুঞ্জ শ্রুতি পরীক্ষার প্রয়োজন?

যদি আপনার শিশু প্রথম দুটি শ্রুতি পরীক্ষায় স্পষ্ট কোন ফলাফল প্রদর্শন না করে, তবে তার পুংখানুপুঞ্জ পরীক্ষার প্রয়োজন হবে। এর কয়েকটি কারণ থাকতে পারে।

এমন হতে পারে যে:

- দুটি পরীক্ষায়ই আপনার শিশু অস্থির ছিল
- জন্মের পর আপনার শিশুর কানে তরল পদার্থ কিংবা ক্ষনস্থায়ী অবরুদ্ধ অবস্থা ছিল
- আপনার শিশুর কিছু পরিমাণে শ্রুতিহীনতা থাকতে পারে

আপনার শিশু কতো ভাল শুনতে পায় তা যত শীঘ্রই সম্ভব বের করা জরুরী, যাতে আপনি এবং আপনার শিশু সঠিক উপদেশ এবং সহযোগিতা পেতে পারেন।

## মূল্যায়নের সময় কি কি করা হবে?

পুংখানুপুঞ্জ পরীক্ষার লক্ষ্য হলো আপনার শিশুর শ্রুতির একটি সম্পূর্ণ চিত্র নেয়া। এই মূল্যায়নে কয়েকটি পরীক্ষা অন্তর্ভুক্ত থাকবে। এই পরীক্ষাগুলি আপনার শিশু কেমন শুনতে পায় সে সম্বন্ধে ব্যাপক তথ্য দিবে।

শ্রুতিপরীক্ষায় অভিজ্ঞ একজন শ্রবনবিশেষজ্ঞ (Audiologist) এই পরীক্ষাগুলি সম্পন্ন করবেন। কোন পরীক্ষায়ই আপনার শিশু ব্যাথা পাবে না।

## মূল্যায়নের জন্য আমি আমার শিশুকে কেমন করে তৈরী করব?

সবচেয়ে ভাল হয় পরীক্ষাগুলির সময় যদি আপনার শিশু ঘুমিয়ে থাকে। শ্রুতিবিদ্যা বিভাগে যাওয়ার পূর্ব পর্যন্ত খাওয়ানো এবং ঘুমানোয় দেয়ী করতে পারলে ভাল হয়। আপনি যাতে আপনার শিশুকে খাওয়ানো এবং ঘুম পাড়ানোর সময় পান সে জন্য কিছুটা তাড়াতাড়ি আসুন।

আপনার বড়িতে যদি অন্য শিশু থেকে থাকে তবে অন্য কাউকে তাদের প্রতি লক্ষ্য রাখার ব্যবস্থা করে আসুন, যাতে করে আপনি আপনার শিশুর সাথে থাকতে পারেন।

প্রাথমিক পরীক্ষার চেয়ে পুংখানুপুঞ্জ মূল্যায়নে যেহেতু অধিক পরীক্ষা অন্তর্ভুক্ত থাকে সে কারণে আপনার সাক্ষাতের সময়ের উপর নির্ভর করে সকাল বা দুপুরে নিজেকে অন্য কাজ হতে বিরত রাখাই উচিত হবে।

### পুংখানুপুঞ্জ পরীক্ষা কিভাবে সম্পন্ন করা হয়?

এই পুংখানুপুঞ্জ পরীক্ষাটিকে বলা হয় Auditory Brainstem Response (ABR) Test। পূর্বেক্ত পরীক্ষায় ব্যবহৃত সংবেদনশীল যন্ত্রগুলির মতো কতকগুলি যন্ত্র আপনার শিশুর মাথায় স্থাপন করা হবে। হেডফোন কিংবা ইয়্যার প্ল্যাগের মাধ্যমে আপনার শিশুকে শব্দ বাজিয়ে শুনানো হবে।

শব্দগুলির প্রতি আপনার শিশুর প্রতিক্রিয়া বৈদ্যুতিকভাবে ধারণ করা হবে এবং আপনার শিশু সবচেয়ে মৃদু যে শব্দ শুনতে পায় তা চিহ্নিত করা হবে।

### পরীক্ষাগুলির পর কি হবে?

শ্রবনবিশেষজ্ঞ পরীক্ষার দিনই আপনাকে ফলাফলগুলি জানাবেন এবং তা ব্যাখ্যা করবেন। যদি আপনার শিশুর কোন শ্রবণ সমস্যা চিহ্নিত হয়, তাহলে আপনাকে যথাযথ বিশেষজ্ঞের পরামর্শের জন্য পাঠানো হবে। একটি প্রতিবেদন বিশেষজ্ঞের কাছে এবং তার অনুলিপি আপনার এবং আপনার সম্মতিক্রমে আপনার চিকিৎসকের নিকট পাঠানো হবে। শ্রবনবিশেষজ্ঞ এবং আপনার এলাকার স্বাস্থ্য সেবা সমন্বয়কারী আপনাকে এবং আপনার শিশুকে প্রয়োজনীয় সেবা এবং সহযোগিতা পেতে সাহায্য করবেন।

যদি আপনার শিশুর শ্রবনশক্তি স্বাভাবিক থাকে কিন্তু পরবর্তীতে আপনি যদি আপনার শিশুর শ্রবন, বাচনভঙ্গি কিংবা ভাষাগত উন্নয়নের ব্যাপারে উদ্ভিগ্ন থাকেন, তবে অনুগ্রহ করে পুনরায় আপনার শিশুর শ্রুতিপরীক্ষার ব্যবস্থা করুন।

শ্রুতিপরীক্ষা যেকোন বয়সেই করা যেতে পারে।

আপনার শিশুর জন্য স্বাক্ষাতের সময় হলো:

---

### অতিরিক্ত তথ্যের জন্য যোগাযোগ করুন-

SWISH Information Line  
Freecall 1800 551 175  
NSW Department of Health  
Tel: (02) 9391 9000  
Fax: (02) 9391 9101  
NSW HealthWeb site: [www.health.nsw.gov.au](http://www.health.nsw.gov.au)

© NSW Health Department 2002